দৈনিক সংবাদ ৪৪

23 AUG 1990
পৃষ্ঠা ৮ কলাম ২

# কৃষি বিশ্ববিদ্যালয়ে সিট দখলকে কেন্দ্র করে বোমা ও গুলী

ময়মনসিংহ, ২২শে আগস্ট (নিজস্ব সংবাদদাতার ফোন)।– বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে সিট দখলকে কেন্দ্র করে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট ও জাতীয়তাবাদী ছাত্রদল কর্মীদের মধ্যে গত মঙ্গলবার রাতব্যাপী ব্যাপক বোমাবাজি ও গুলী বিনিময় হয়।

এসময় ছাত্র ফ্রন্টের কর্মীরা ৩টি হলের ৭টি কক্ষ ভাঙচুর করে। গোটা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এখন থমথমে অবস্থা বিরাজ করছেন।

বিশ্ববিদ্যালয় ......... কর্তৃপক্ষ

## সিট দখলকে কেন্দ্র করে

(১ম পাতার পর)

আগামীকাল বৃহস্পতিবার দুপুর সাড়ে বারটা পর্যন্ত ক্যাম্পাসে সভা সমাবেশ ও মিছিল নিষিদ্ধ ঘোষণা করেছে।

উল্লেখ্য, আগামীকাল বৃহস্পতিবার সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত প্রথম বর্ষ (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিতহবে।

গতকাল মঙ্গলবার রাত সাড়ে ন'টায় হোসেন শহীদ সোহরাওয়ার্দী হলের ১টি সিট দখলকে কেন্দ্র করে কৃষি প্রকৌশল বিভাগের ১ম বর্ষের ছাত্র আজাদ প্রহৃত হয়। সে ছাত্র ফ্রন্টের কর্মী।

রাত ১০টায় ফজলুল হক হলে ছাত্রদলের একটি মিছিল বের হলে ছাত্রফ্রন্টের কর্মীরা ধাওয়া করে।

ছাত্র ফ্রন্টের একদল কর্মী মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে সোহরাওয়ার্দী হল ঘেরাও করে ব্যাপক বোমাবাজি ও গুলী ছুড়তে থাকে। এ সময় ছাত্রদল কর্মীরাও পাল্টা বোমাবাজি ও গুলীবর্ষণ করে।